

# বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।

বিষয়:- তথ্য অধিকার আইন ২০০৯ এর ৫ ধারা অনুযায়ী বেবিচকের যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরি।

## ১. তথ্যের ক্যাটাগরি:-

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এবং এর অধীনস্থ দপ্তরসমূহের সমুদয় তথ্য নিম্নোক্ত ৩টি শ্রেণীতে ভাগ করা হবে এবং নির্ধারিত বিধান অনুসারে প্রদান, প্রচার বা প্রকাশ করা হবে।

## ক. স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য:-

(১) এই ধরনের তথ্য বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ স্বপ্রণোদিত হয়ে নোটিশবোর্ড, ওয়েবসাইট, ব্রশিওর, মুদ্রিত বই বা প্রতিবেদন, বিলবোর্ড, সাইন বোর্ড, স্টিকার, পোস্টার, বুকলেট, লিফলেট, নিউজ লেটার, পত্রিকায় বিজ্ঞপ্তি ম্যাধমে প্রচারণাসহ অন্যান্য গ্রহণযোগ্য মাধ্যমে প্রকাশ ও প্রচার করবে।

(২) এ ধরনের তথ্য চেয়ে কোন নাগরিক আবেদন করলে তখন তা চাহিদার ভিত্তিতে প্রদানযোগ্য তথ্য হিসাবে বিবেচিত হবে এবং দায়িত্বপ্রাপ্ত কর্তৃকর্তা নির্ধারিত পন্থায় আবেদনকারীকে তা প্রদান করবেন।

(৩) বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ প্রতি বছর একটি বার্ষিক প্রতিবেদন প্রকাশ করবে। বার্ষিক প্রতিবেদনে তঅআ, ২০০৯ এর ধারা ৬(৩)- এ উল্লিখিত তথ্যসমূহ সংযোজন করবে।

(৪) বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের একটি তালিকা প্রস্তুত করবে এবং এই নির্দেশিকার পরিশিষ্টে ও বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ ওয়েব সাইটে প্রকাশ ও প্রচার করবে।

(৫) প্রতি তিন মাস অন্তর এই তালিকা হালনাগাদ করা হবে।

(৬) স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা ও প্রকাশের মাধ্যম:-

ক্রম	তথ্যের বিবরণ	তথ্য প্রকাশের মাধ্যম
১	কর্তৃপক্ষের সাংগঠনিক কাঠামো ও কার্যক্রমের বিবরণ, কার্যপ্রণালী এবং দায়িত্বসমূহ	নোটিশ বোর্ড, তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট
২	সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কর্মকর্তা ও কর্মচারীদের ক্ষমতা ও দায়িত্ব	প্রত্যেক অফিস/তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট
৩	সিদ্ধান্ত গ্রহণের পদ্ধতি, জবাবদিহিতা এবং তত্ত্বাবধানের মাধ্যম	প্রত্যেক অফিস/তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট
৪	কর্তৃপক্ষের কর্মকর্তা ও কর্মচারীর তথ্য	প্রত্যেক অফিস/তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট

ক্রম	তথ্যের বিবরণ	তথ্য প্রকাশের মাধ্যম
৫	কার্যসম্পাদনের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিয়ন্ত্রণে রক্ষিত ও ব্যবহৃত আইন, বিধি-বিধান, নির্দেশনা, ম্যানুয়েল, ডকুমেন্ট এবং রেকর্ড।	প্রত্যেক অফিস/তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট
৬	পরিকল্পনা প্রণয়ন ও সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত যে কোন ধরনের পরামর্শ/প্রতিনিধিত্ব, যাহা কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত, এর বিবরণ।	প্রত্যেক অফিস/তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট
৭	বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের বাজেট/সকল পরিকল্পনার ধরন চিহ্নিতকরণ, প্রস্তাবিত খরচ এবং প্রকৃত ব্যয়ের উপর তৈরি প্রতিবেদন।	নোটিশ বোর্ড, ওয়েবসাইট
৮	বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ হতে সহজলভ্য এবং এর নিকট রক্ষিত তথ্যাদির সংক্ষিপ্ত ELECTRONIC FORM/ধরন (প্রযোজ্য ক্ষেত্রে)	ওয়েবসাইট / বিনামূল্যে সরবরাহ
৯	নাম, পদবী, ঠিকানা, ফোন নম্বর এবং প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর ও ই-মেইল ঠিকানাসহ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার তথ্য	সংশ্লিষ্ট তথ্য প্রদান ইউনিটের নোটিশ বোর্ড ও ওয়েবসাইট
১০	নাম, পদবী, ঠিকানা, ফোন নম্বর এবং প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর ও ই-মেইল ঠিকানাসহ বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার তথ্য	সংশ্লিষ্ট তথ্য প্রদান ইউনিটের নোটিশ বোর্ড ও ওয়েবসাইট
১১	নাম, পদবী, ঠিকানা, ফোন নম্বর এবং প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর ও ই-মেইল ঠিকানাসহ আপিল কর্তৃপক্ষের তথ্য	নোটিশ বোর্ড / ওয়েবসাইট
১২	তথ্যের জন্য নাগরিকের কাছ থেকে প্রাপ্ত সকল আবেদন পত্রের অনুলিপি, যার মধ্যে নিম্নোক্ত তথ্যসমূহ অন্তর্ভুক্ত থাকবে : (ক) যে কর্তৃপক্ষ কর্তৃক অনুরোধপত্রটি গৃহীত হয়েছে তার নাম (খ) কি তথ্যের জন্য অনুরোধ করা হয়েছে (গ) অনুরোধের তারিখ	গৃহীত আবেদন পত্রের একটি কপি প্রত্যেক পরিদর্শনের জন্য অফিসে রক্ষিত থাকবে।
১৩	সরকার, কর্তৃপক্ষ কর্তৃক সম্পাদিত- (ক) সকল উন্নয়ন/পূর্তকাজ/ প্রকল্প সংক্রান্ত চুক্তি (খ) প্রত্যেক চুক্তির সংক্ষিপ্ত বিবরণ, প্রাক্কলিত ব্যয়/চুক্তির মেয়াদকাল ইত্যাদি।	নোটিশ বোর্ড, ওয়েবসাইট ইত্যাদি

খ. চাহিদার ভিত্তিতে প্রদানযোগ্য তথ্য:-

- (১) এই ধরনের তথ্য কোন নাগরিকের আবেদনের প্রেক্ষিতে এই নির্দেশিকার ১০ ও ১১ অনুচ্ছেদে বর্ণিত পদ্ধতি অনুসরণ করে প্রদান করতে হবে।
- (২) বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ চাহিদার ভিত্তিতে প্রদানযোগ্য তথ্যের একটি তালিকা প্রস্তুত করবে এবং এই নির্দেশিকার পরিশিষ্টে ও বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ ওয়েবসাইটে প্রকাশ ও প্রচার করবে।
- (৩) প্রতি তিন মাস অন্তর এই তালিকা হালনাগাদ করা হবে।
- (৪) চাহিদার ভিত্তিতে প্রদানযোগ্য তথ্যের তালিকা।

- স্বপ্রণোদিতভাবে প্রকাশিত সকল তথ্য
- বিভিন্ন নীতি
- সংস্থার বাজেট
- আর্থিক তথ্য, যেমন- আয়/ব্যয় সংক্রান্ত হিসাব বিবরণী
- অডিট রিপোর্ট (জবাবসহ)
- প্রকল্পের ব্যাংক-সংক্রান্ত তথ্য
- ক্রয় কার্যক্রমসংক্রান্ত তথ্য (সিদ্ধান্ত গ্রহণের পর)
- উপকারভোগীর তালিকা
- বিভিন্ন প্রশাসনিক রেজিস্টার খাতা
- নিয়োগ/বদলির আদেশ
- দেশে বা বিদেশ ভ্রমণসংক্রান্ত তথ্যাদি
- প্রদান বাধ্যতামূলক নয়, এমন তথ্য ব্যতীত অন্য সকল তথ্য।

গ. প্রদান ও প্রকাশ বাধ্যতামূলক নয় এমন তথ্য:-

- (১) এই নির্দেশিকার অন্যান্য অনুচ্ছেদে যা কিছুই থাকুক না কেন বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ নিম্নোক্ত তথ্যসমূহ প্রদান/প্রকাশ বা প্রচার করতে বাধ্য থাকবে না।
  - (ক) কোন তথ্য প্রকাশের ফলে বাংলাদেশের নিরাপত্তা অখণ্ডতা ও সার্বভৌমত্বের প্রতি হুমকি হতে পারে এরূপ তথ্য।
  - (খ) কোন বিদেশী সরকারের নিকট থেকে প্রাপ্ত কোন গোপনীয় তথ্য।
  - (গ) কোন তথ্য প্রকাশের ফলে প্রচলিত আইনের প্রয়োগ বাধাগ্রস্ত হতে পারে বা অপরাধ বৃদ্ধি পেতে পারে এরূপ তথ্য।
  - (ঘ) কোন তথ্য প্রকাশের ফলে জনগণের নিরাপত্তা বিঘ্নিত হতে পারে বা বিচারাধীন মামলার সুষ্ঠু বিচার কাজ ব্যাহত হতে পারে এরূপ তথ্য।
  - (ঙ) কোন তথ্য প্রকাশ ফলে কোন ব্যক্তির ব্যক্তিগত জীবনের গোপনীয়তা ক্ষুণ্ণ হতে পারে এরূপ তথ্য।
  - (চ) আদালতে বিচারাধীন কোন বিষয় এবং যা প্রকাশে আদালত বা ট্রাইব্যুনালের নিষেধাজ্ঞা রয়েছে অথবা যার প্রকাশ আদালত অবমাননার সামিল এরূপ তথ্য।
  - (ছ) তদন্তাধীন কোন বিষয় যার প্রকাশ তদন্ত কাজে বিঘ্ন ঘটতে পারে এরূপ তথ্য।



(জ) কোন অপরাধের তদন্ত প্রক্রিয়া এবং অপরাধীর গ্রেফতার ও শাস্তিকে প্রভাবিত করতে পারে এরূপ তথ্য।

(ঝ) কোন ক্রয় কার্যক্রম সম্পূর্ণ হওয়ার পূর্বে বা এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট ক্রয় বা এর কার্যক্রম সংক্রান্ত কোন তথ্য।

(ঞ) কোন ব্যক্তির আইন দ্বারা সংরক্ষিত গোপনীয় তথ্য।

(ট) নিয়োগ পরিষ্কার প্রশ্নপত্র বা পরীক্ষায় প্রদত্ত নম্বর সম্পর্কিত আগাম তথ্য।

## ২. তথ্যের ক্যাটাগরি:-

### (ক) স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য:-

#### (১) প্রশাসন বিভাগ:-

- ১.১. পার্সপোর্ট ও বিদেশ ভ্রমণ সংক্রান্ত অনাপত্তি পত্র সংক্রান্ত তথ্য।
- ১.২. বিভিন্ন টেন্ডার কমিটি গঠন সংক্রান্ত তথ্য।
- ১.৩. টেন্ডার নোটিশ/অফিস আদেশ/বিজ্ঞপ্তি সংক্রান্ত তথ্য।
- ১.৪. জিআরএস, সিটিজেন চার্টার।
- ১.৫. মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।
- ১.৬. বিভিন্ন জাতীয় দিবস উপলক্ষ্যে অফিস আদেশ/বিজ্ঞপ্তি ও অন্যান্য কার্যক্রম সংক্রান্ত তথ্য।
- ১.৭. বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ কর্মচারী প্রবিধানমালা-২০২১
- ১.৮. বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ আইন-২০১৭
- ১.৯. বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল আইন-২০১৭
- ১.১০. যানবাহন সংক্রান্ত নোটিশ ও প্রজ্ঞাপন, টেন্ডার ইত্যাদি।

#### (২) অর্থ বিভাগ:-

- ২.১. বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের রাজস্ব বাজেট।
- ২.২. নিজস্ব অর্থায়নে এডিপিভুক্ত মূলধন ব্যয় বাজেট।
- ২.৩. নিজস্ব অর্থায়নে নন-এডিপিভুক্ত মূলধন ব্যয় বাজেট।
- ২.৪. সরকারি অর্থায়নে এডিপিভুক্ত মূলধন ব্যয় বাজেট।
- ২.৫. বৈদেশিক অর্থায়নে এডিপিভুক্ত মূলধন ব্যয় বাজেট।

(৩) ফ্লাইট সেফটি এন্ড রেগুলেশন বিভাগ:-

- ৩.১. দেশী/বিদেশী সকল প্রকার শিডিউল ও নন-শিডিউল ফ্লাইটের আবেদনের পদ্ধতি।
- ৩.২. নতুন কোন বিদেশী বিমান সংস্থা কর্তৃক বাংলাদেশে শিডিউল ফ্লাইট পরিচালনার আবেদনের ক্ষেত্রে অনুসরণীয় পদ্ধতি।
- ৩.৩. দেশী বিমান সংস্থা কর্তৃক আন্তর্জাতিক রুটে ফ্লাইট পরিচালনার জন্য ফ্রিকোয়েন্সী বরাদ্দ প্রাপ্তির উদ্দেশ্যে আবেদনের পদ্ধতি।
- ৩.৪. General Sales Agent (GSA) পারমিট ও Operational Services Provider License (OSPL) প্রাপ্তি/নবায়নের জন্য আবেদনের পদ্ধতি।
- ৩.৫. ড্রোন ফ্লাইট পরিচালনার লক্ষ্যে আবেদনের পদ্ধতি।
- ৩.৬. উপরোক্ত (১) হতে (৫) পর্যন্ত কার্যক্রম সম্পাদনের সঙ্গে সম্পর্কিত কর্মকর্তা/কর্মচারীগণের সঙ্গে যোগাযোগের মাধ্যম ও পদ্ধতি।
- ৩.৭. উপরোক্ত (১) হতে (৫) পর্যন্ত কার্যক্রমের সঙ্গে সম্পর্কিত যেকোন প্রকার নির্দেশনা, সার্কুলার, বিধি-বিধান, নীতিমালা ইত্যাদি (নতুন প্রণয়ন বা পরিবর্তন/পরিবর্ধন) তথ্য।

(৪) পরিচালনা, পরিকল্পনা ও নিরাপত্তা বিভাগ:-

- ৪.১. স্থাপনা/ভবন নির্মাণে উচ্চতার ছাড়পত্রের আবেদন সংক্রান্ত নিয়মাবলি/পদ্ধতি।
- ৪.২. হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের Obstacle Limitation Surface (OLS) চার্ট প্রদর্শন।
- ৪.৩. বিভিন্ন বিমানবন্দরের Obstacle Limitation Surface (OLS) এর সাপেক্ষে প্রাপ্ত উচ্চতার ছাড়পত্র প্রদর্শন।
- ৪.৪. সকল বিমানবন্দরের এরোনটিক্যাল বিষয়ক হালনাগাদ তথ্যাদি Aeronautical Information Publication (AIP) তে প্রদর্শন।
- ৪.৫. বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের বার্ষিক ক্রয় পরিকল্পনা।
- ৪.৬. বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের বার্ষিক প্রতিবেদন।
- ৪.৭. চলমান প্রকল্পসমূহের তালিকা।
- ৪.৮. আপ-কামিং প্রকল্পসমূহের তালিকা।
- ৪.৯. সমাপ্ত প্রকল্পের তালিকা।
- ৪.১০. এসডিজি'র অগ্রগতি সংশ্লিষ্ট তথ্য।
- ৪.১১. পঞ্চবার্ষিক পরিকল্পনা সংশ্লিষ্ট তথ্য।
- ৪.১২. বিমানবন্দর নিরাপত্তা পাসের আবেদন ফরম।

(৫) প্রকৌশল বিভাগ:-

- ৫.১. বার্ষিক ক্রয় পরিকল্পনা।
- ৫.২. বিভিন্ন ক্রয় কাজের দরপত্র বিজ্ঞপ্তি।

(খ) চাহিদার ভিত্তিতে প্রদানযোগ্য তথ্য:-

(১) প্রশাসন বিভাগ:-

- ১.১. স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য সকল তথ্য।
- ১.২. বিভিন্ন প্রশাসনিক রেজিস্টার খাতা।
- ১.৩. কর্মকর্তা/কর্মচারীগণের নিয়োগ, বদলী ও পদোন্নতির আদেশ সংক্রান্ত তথ্য।
- ১.৪. উচ্চতর গ্রেড প্রদানের আদেশ সংক্রান্ত তথ্য।
- ১.৫. কর্মকর্তা/কর্মচারীগণের বহিঃ বাংলাদেশ ছুটি সংক্রান্ত তথ্য।
- ১.৬. কর্মকর্তা/কর্মচারীগণের ভ্রমণ সংক্রান্ত তথ্য।
- ১.৭. কর্মকর্তা/কর্মচারীগণের প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য।
- ১.৮. দান অনুদান (চিকিৎসা ও মৃত দাবি) সংক্রান্ত তথ্য।
- ১.৯. বাসা বরাদ্দ সংক্রান্ত অফিস আদেশ সংক্রান্ত তথ্য।
- ১.১০. কর্মকর্তা/কর্মচারীদের জ্যেষ্ঠতা তালিকা সংক্রান্ত তথ্য।
- ১.১১. শুদ্ধাচার এর বার্ষিক কর্ম-পরিকল্পনা ও ত্রৈমাসিক প্রতিবেদন সংক্রান্ত তথ্য।

(২) অর্থ বিভাগ:-

- ২.১. নন-ট্যাক্স রেভিনিউ সংক্রান্ত তথ্য।
- ২.২. কর্পোরেট ট্যাক্স সংক্রান্ত তথ্য।

(৩) ফ্লাইট সেফটি এন্ড রেগুলেশন্স বিভাগ:-

- ৩.১. স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য সকল তথ্য এবং এ সকল তথ্যাদির সহজ প্রাপ্তিস্থান।
- ৩.২. প্রকাশযোগ্য তথ্যসমূহের স্পষ্টীকরণ।
- ৩.৩. এয়ার ট্রান্সপোর্টেশন বিভাগে কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের পেশকৃত আবেদন সম্পর্কে উক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে অগ্রগতি সম্পর্কিত তথ্য প্রদান।

(৪) পরিচালনা, পরিকল্পনা ও নিরাপত্তা বিভাগ:-

- ৪.১. স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য সকল তথ্য।
- ৪.২. দেশী ও বিদেশী এয়ারলাইন্স কর্তৃক বাংলাদেশের কোন বিমানবন্দরের ভৌত কাঠামোগত বৈশিষ্ট্য সম্পর্কে জানতে অনুরোধ করলে সংশ্লিষ্ট তথ্য হস্তান্তর/প্রদান।



৪.৩. Aeronautical Information Publication (AIP) সংশ্লিষ্ট তথ্য হস্তান্তর/গ্রহণ।

৪.৪. উন্নয়ন প্রকল্পসমূহের বার্ষিক বাজেট সংশ্লিষ্ট তথ্য।

৪.৫. উন্নয়ন প্রকল্পসমূহের মাসিক ও ত্রৈমাসিক অগ্রগতি সংক্রান্ত তথ্য।

৪.৬. কর্তৃপক্ষের অপারেশনাল প্রশিক্ষণ সংশ্লিষ্ট তথ্য।

(৫) প্রকৌশল বিভাগ:-

৫.১. স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য সকল তথ্য।

(গ) প্রদান ও প্রকাশ বাধ্যতামূলক নয় এমন তথ্য:-

(১) প্রশাসন বিভাগ:-

১.১. প্রশাসনের নিয়ন্ত্রাধীন বিচারাধীন মামলাসমূহ, যেগুলো প্রকাশ করলে সুষ্ঠু বিচার কাজ ব্যাহত হতে পারে এরূপ তথ্য।

১.২. আদালতে বিচারাধীন কোন বিষয় এবং যা প্রকাশে আদালত বা ট্রাইব্যুনালের নিষেধাজ্ঞা রয়েছে অথবা যার প্রকাশ আদালত অবমাননার সামিল এরূপ তথ্য।

১.৩. তদন্তাধীন কোন বিষয়ে যার প্রকাশ তদন্ত কাজে বিঘ্ন ঘটতে পারে এরূপ তথ্য।

১.৪. সিএএবি'তে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীদের আইন দ্বারা সংরক্ষিত গোপনীয় তথ্য।

১.৫. ব্যক্তির জীবন বা শারীরিক নিরাপত্তা বিপদাপন্ন হতে পারে এরূপ তথ্য।

১.৬. আইন প্রয়োগকারী সংস্থাকে প্রদত্ত গোপন তথ্য।

১.৭. আইন অনুসারে কেবন একটি নির্দিষ্ট সময়ের জন্য প্রকাশের বাধ্যবাধকতা রয়েছে এরূপ তথ্য।

১.৮. বিদেশী সরকারের নিকট হতে প্রাপ্ত গোপনীয় তথ্য।

১.৯. নিয়োগ পরিক্ষার প্রশ্নপত্র বা পরিক্ষায় প্রদত্ত নম্বর সম্পর্কিত আগাম তথ্য।

(২) অর্থ বিভাগ:-

২.১. প্রযোজ্য নহে।

(৩) ফ্লাইট সেফটি এন্ড রেগুলেশন্স বিভাগ:-

৩.১. এয়ার ট্রান্সপোর্টেশন বিভাগে কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের পেশকৃত আবেদন সম্পর্কে উক্ত ব্যক্তি/প্রতিষ্ঠান ব্যতীত অন্য ব্যক্তি/প্রতিষ্ঠানকে তথ্য প্রদান।

৩.২. কোন ব্যক্তি/প্রতিষ্ঠান/বিমান সংস্থার আবেদন/তথ্য/কাগজপত্র অন্য ব্যক্তি/প্রতিষ্ঠানকে প্রদান।

৩.৩. কূটনৈতিক মাধ্যমে অনুমোদনগ্রহণকারী ফ্লাইট, ভিআইপি, ভিভিআইপি ইত্যাদি ফ্লাইটের তথ্য ফ্লাইটের সঙ্গে সংশ্লিষ্ট নয় এমন ব্যক্তি/প্রতিষ্ঠানকে প্রদান।

৩.৪. নথির নোটশীট বা নথিতে কর্মকর্তা/কর্মচারীগণের মন্তব্যের তথ্য/প্রমাণক ইত্যাদি প্রদান।

৩.৫. প্রাপক ও প্রাপ্তির জন্য নির্ধারিত ব্যক্তি/প্রতিষ্ঠান ব্যতীত অন্যকে পত্র/তথ্য/কাগজপত্র প্রদান/হস্তান্তর।

৩.৬. ফ্লাইট সেফটি ও রেগুলেশন্স বিভাগের তদন্তাধীন বিষয়।

(৪) পরিচালনা, পরিকল্পনা ও নিরাপত্তা বিভাগ:-

৪.১. নথির নোটশীট বা নথিতে কর্মকর্তা/কর্মচারীগণের মন্তব্যের তথ্যাদি প্রমাণক ইত্যাদি প্রদান।

৪.২. প্রাপক ও প্রাপ্তির জন্য নির্ধারিত ব্যক্তি/প্রতিষ্ঠান ব্যতীত অন্যকে পত্র/তথ্য/কাগজপত্র প্রদান/হস্তান্তর।

৪.৩. পরিচালনা ও পরিকল্পনা বিভাগের তদন্তাধীন বিষয়।

৪.৩. জাতীয় সংসদ সংশ্লিষ্ট তথ্য।

৪.৫. উন্নয়ন প্রকল্পসমূহের ব্যয় প্রাক্কলন জাতীয় তথ্য।

৪.৬. ক্রয় কার্যক্রম সম্পন্ন হবার পূর্বে উন্নয়ন প্রকল্পের ডিপিপি/টিএপিপি সংক্রান্ত তথ্য।

৪.৭. উন্নয়ন প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা সংক্রান্ত তথ্য।


৪.৮. উন্নয়ন সহযোগীর সাথে সম্পাদিত গোপনীয় চুক্তি সম্পর্কিত তথ্য।

(৫) প্রকৌশল বিভাগ:-

৫.১. কোন ক্রয় কার্যক্রম সম্পন্ন হওয়ার পূর্বে বা এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট ক্রয় কার্যক্রম সংক্রান্ত তথ্য।

৩. ক্যাটাগরি অনুযায়ী তথ্যের শ্রেণীবিন্যাস হালনাগাদকরণ:-

তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা ২০১০ এর বিধি ৬ (৮) অনুযায়ী প্রত্যেক কর্তৃপক্ষ ইহার দপ্তরে সংশ্লিষ্ট শাখার ভারপ্রাপ্ত কর্মকর্তা দ্বারা প্রতিটি তথ্যের যথাযথ শ্রেণীবিন্যাস নিশ্চিত করবেন। সংশ্লিষ্ট শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ ক ও খ-এর প্রদানযোগ্য তথ্যের তালিকা প্রতি তিন মাস অন্তর হালনাগাদ করবেন।



মোহাম্মদ সোহেল কামরুজ্জামান

উপ-পরিচালক (পার্সোনেল)

জনসংযোগ কর্মকর্তা

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।